



তারিখঃ ০৮/০৮/২০১৯ খ্রি.

**২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন
পরীক্ষার্থীদের ফরম পূরণের বিজ্ঞপ্তি**

ব্যবস্থাপনা (নিয়মিত)	২৫/০৮/১৯ খ্রি
হিসাববিজ্ঞান (নিয়মিত)	২৬/০৮/১৯ খ্রি.
মার্কেটিং (নিয়মিত)	২৭/০৮/১৯ খ্রি.
ফিন্যান্স এন্ড ব্যাংকিং (নিয়মিত)	২৮/০৮/১৯ খ্রি.
অনিয়মিত, গ্রেড উন্নয়ন : (সকল বিভাগ)	২৯/০৮/২০১৯ খ্রি.

নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিস :

ক্রমিক নং	খাত	নিয়মিত ও অনিয়মিত	মানউন্নয়ন
০১	বেতন		
০২	পরীক্ষা ফিস	৩০০/-	প্রতিপত্র ২০০/- হারে
০৩	কেন্দ্র ফি	১৪০০/-	৪৫০/-
০৪	সেশন চার্জ (কলেজ)	১৯৫৫/-	
০৫	ইনকোর্স ফি (বিশ্ববিদ্যালয়)	১০০/-	-
০৬	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-
০৭	বিশেষ অধিভুক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে	-	৩০০/-
০৮	সোনালী সেবা	৫/-	৫/-
	মোট =	৪২৬০/-	

বি.দ্র: যে সকল অনিয়মিত শিক্ষার্থী পূর্বে ২য় বর্ষের ফরমপূরণ করেনি তাদেরকে পুন:ভর্তি হতে হবে। পুন: ভর্তি ফি বাবদ উপরোক্ত ফিসহ অতিরিক্ত ১৭৫৫/- টাকা জমা দিতে হবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :**নিয়মিত**

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী যারা ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত

- ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষে উত্তীর্ণ হয়ে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০১৮ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারা ২০১৯ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন

- ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড রয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০১৯ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।
- ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

০৩. পাঠ্যসূচি :

- সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস এবং ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিধরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে।
- আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।
- পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।

আহবায়িক

অনার্স ২য় বর্ষ পরীক্ষা- ২০১৯

আযম খান সরকারি কমার্স কলেজ খুলনা।